গণতন্ত্র হরণ করা হয়েছে: মির্জা ফখরুল

নিউজ ডেক্স : বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ফ্যাসিবাদের বিরুদ্ধে আজকে গোটা জাতি লড়াই করছে। শুধুমাত্র বিএনপি নয়, আজকে সমগ্র জাতি ভুক্তভোগী।

আমাদের গণতন্ত্রকে হরণ করা হয়েছে। মুক্ত সমাজ ব্যবস্থাকে হরণ করা হয়েছে। মুক্ত সাংবাদিকতাকে হরণ করা হয়েছে। একটা নির্যাতনমূলক-নিবর্তনমূলক, শাসনব্যবস্থা চাপিয়ে দেওয়া হয়েছে। এখান থেকে মুক্তি পাওয়ার জন্যে সবাইকে একযোগে কাজ করতে হবে।

বিএনপির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জিয়াউর রহমানের ৪০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে রোববার (৩০ মে) সকাল সাড়ে ৯টায় শেরে বাংলা নগরে জিয়ার সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোর পর সাংবাদিকদের মির্জা ফখরুল এসব কথা বলেন। বাংলানিউজ

মির্জা ফখরুল বলেন, জিয়াউর রহমান বিভক্ত জাতিকে ঐক্যবদ্ধ করেছিলেন। যে দেশকে তলাবিহীন ঝুড়ি বলা হতো সেখান থেকে একটি সমৃদ্ধ বাংলাদেশে পরিণত করেছিলেন। তিনি উন্নয়নের ভিত্তি স্থাপন করেছিলেন। আজকে আমরা তাকে স্মরণ করছি, সেই সাথে স্মরণ করছি যিনি গণতন্ত্র প্রতিষ্ঠা করেছেন সেই নেত্রী খালেদা জিয়াকে। আমি স্মরণ করছি ১৯৭১ সালে স্বাধীনতাযুদ্ধে যারা শহীদ হয়েছেন তাদের। স্মরণ করছি আওয়ামী ফ্যাসিবাদের যাতাকলে দীর্ঘ সময়ে যে অসংখ্য নেতাকর্মী খুন, গুম নির্যাতিত হয়েছেন তাদের।

তিনি বলেন, দুর্ভাগ্য আমাদের এই জাতি লড়াই করেছিল উদার গণতান্ত্রিক রাষ্ট্র ও সমাজ ব্যবস্থার জন্য। আওয়ামী লীগ অত্যন্ত সচেতনভাবে উদার গণতান্ত্রিক যে রাষ্ট্রব্যবস্থা তাকে ধ্বংস করে দিয়ে আবারও ছদ্মবেশে একদলীয় শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করার কাজ শুরু করেছে। অত্যন্ত পরিকল্পিতভাবে এই দেশে যে উদার গণতান্ত্রিক রাজনীতি সেই রাজনীতি বন্ধ করে দিচ্ছে এবং তারাই আজকে এখানে সাম্প্রদায়িতকা উগ্রবাদের জন্ম দিচ্ছে। আমরা মনে করি যে আওয়ামী লীগ এই দেশের স্বার্থের জন্য কখনওই কোনো শুভ কাজ করেনি। এই দেশকে নির্মাণের জন্য তারা কখনওই কোনো ভাল কাজ করেনি। শুধুমাত্র ধ্বংসই করেছে।

বিএনপি মহাসচিব বলেন, গোটা জাতির কাছে আহ্বান আসুন আমরা ঐক্যবদ্ধ হই। ১৯৭১ সালে যে উদার গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার জন্যে, একটি মুক্ত সমাজের জন্যে আমরা যে যুদ্ধ করেছিলাম, সেই আকাঙ্ক্ষাকে পূরণ করার জন্য আমরা আবার লড়াই সংগ্রাম শুরু করি।

এসময় বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়, নজরুল ইসলাম খান, আমির খসরু মাহমুদ চৌধুরী, ইকবাল হাসান মাহমুদ টুকু, দপ্তরের চলতি দায়িত্বে থাকা সৈয়দ এমরান সালেহ প্রিন্স, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট মাসুদ আহমেদ তালুকদার, স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর শরাফত আলী সপু, চেয়ারপারসনের প্রেস উইংয়ের সদস্য শায়রুল কবির খান প্রমুখ উপস্থিত ছিলেন।